দৈনিক সংবাদ

62

তারিখ ... JUN. 1 4 1999

পৃষ্ঠা 2 কলাম ৬

# বুয়েটে ভাঙচুর ঃ ২৮০ ছাত্র চিহ্নিত

## ❐ সবাইকে নোটিশ জারি ❐ আজ থেকে জবাবদান শুরু

কৈলাস সরকার ॥ বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ে (বুয়েট) ভাঙচুর ঘটনায় ২৮০ জন ছাত্রকে চিহ্নিত করা হয়েছে। তাদের প্রত্যেককে বিভিন্ন অভিযোগে কারণ দর্শাও নোটিশ দেয়া হয়েছে।

এর মধ্যে ঘটনার সাথে সরাসরি জড়িত ছিল এব্যাপারে নিশ্চিত অভিযোগ এনে ৪০ জনের নামে, সন্দেহজনক অভিযোগ এনে ৫৬ জনের নামে এবং মিছিলে যোগদানসহ উস্কানি দেয়ার অভিযোগে আরো ১৮৪ জনের নামে নোটিশ পাঠানো হয়েছে। খবর সূত্রের।

নোটিশপ্রাপ্তদের তালিকায় ইউকসুর ভিপি, জিএসসহ সকল সদস্য (৭ জন), ২টি হলের ভিপি, জিএসসহ বিভিন্ন হলের নির্বাচিত প্রতিনিধি, ছাত্রলীগ ও ছাত্রদলের সভাপতি, সাধারণ সম্পাদকসহ অন্যান্য নেতাকর্মী রয়েছেন। এছাড়া সাধারণ ছাত্ররাও এ তালিকায় রয়েছে। এদের সবার স্থায়ী ঠিকানায় নোটিশ পাঠানো হয়েছে। তবে এখনো অনেকের হাতে এ নোটিশ পৌছেনি বলে জানা গেছে।

সূত্র মতে, ৪০ জনের বিরুদ্ধে আনীত অভিযোগে বলা হয়েছে যে, তারা ঘটনার সঙ্গে জড়িত ছিল এব্যাপারে কর্তৃপক্ষ নিশ্চিত। তাই তাদেরকে কেন বহিষ্কার করা হবে না- এই মর্মে কারণ দর্শানোর নোটিশ দেয়া হয়েছে। উপযুক্ত জবাব দিতে না পারলে বা নির্ধারিত সময়ে হাজির না হলে একতরফাভাবেই তাদের বহিষ্কার করা হবে।

৫৬ জনের নামে পাঠানো নোটিশে বলা হয়েছে— 'তারা ঘটনার সাথে জড়িত ছিল।' তারপরও তাদের বিরুদ্ধে অভিযোগ পুরোপুরি নিশ্চিত নয় বলে তাদেরকে আত্মপক্ষ সমর্থনের সুযোগ দেয়া হয়েছে। জবাব না দিলে তাদেরকেও বহিষ্কার করা হবে।

এছাড়া বাকি ১৮৪ জনের বুয়েট ঃ পৃঃ ১১ কঃ ৫

### বুয়েট ঃ ভাঙচুর

( ১ম পৃষ্ঠার পর )

বিরুদ্ধে আনীত অভিযোগে বলা হয়েছে— 'ভাঙচুর ঘটনায় সরাসরি তারা জড়িত না থাকলেও তারা মিছিল-সমাবেশের মাধ্যমে উস্কানি দিয়েছে।' তাদেরকেও নির্ধারিত সময়ে হাজির হয়ে নিজস্ব বক্তব্য পেশের নির্দেশ দেয়া হয়েছে।

আজ সোমবার (১৪ই জুন) হতে নোটিশপ্রাপ্তদেরকে বিশ্ববিদ্যালয়ের 'বোর্ড অফ ডিসিপ্লিন এন্ড রেসিডেন্স'-এর সামনে হাজির হতে হবে।

নোটিশ পাঠিয়েছেন উপাচার্যের নির্দেশক্রমে ছাত্রকল্যাণ উপদেষ্টা।

গত ২৬ ও ২৭শে এপ্রিল পর পর ২ দিন বুয়েট ক্যাম্পাসে এ ভাঙচুর হয়। ২৮শে এপ্রিল গঠিত তদন্ত কমিটির রিপোর্টে উল্লিখিত ছাত্রদের (২৮০ জন) চিহ্নিত করা হয়।